দৈনিক ইনকিলাব

তারিখ ...16 NOV 1990
পৃষ্ঠা... ৯ ...কলাম... ৯...

125

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম নিয়মিতভাবে শুরু

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

গতকাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম নিয়মিতভাবে শুরু হয়েছে। গত ক'দিনের তুলনায় গতকাল

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাস ছিল সরগরম এবং ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল অনেক বেশী। উল্লেখ্য; গত বুধবার বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়া হয়।

**শিক্ষকদের কালো ব্যাজ ধারণ**

শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের নয়া সরকারী অধ্যাদেশ বাতিলের দাবীতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ কালো ব্যাজ ধারণ করে ক্লাসে যান। উল্লেখ্য, গত ১৩ অক্টোবর শিক্ষকদের এক সমাবেশে আগামী ২৮ নভেম্বর পর্যন্ত পক্ষকালব্যাপী কর্মসূচীতে ২২ নভেম্বর পর্যন্ত শিক্ষকদের কালো ব্যাজ ধারণের কর্মসূচী ঘোষণা করা হয়।

**শিক্ষকদের নিন্দা**

গত বুধবার রাতে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের এক সভায় গত ১১ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের ক্লাসে যোগদান করা সম্পর্কে সরকারী তথ্য বিবরণীর বক্তব্যকে 'অপব্যাখ্যা' হিসেবে অভিহিত করা হয় এবং এর তীব্র নিন্দা করা হয়।